

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
www.dyd.gov.bd

সভার কার্যবিবরণী ২৭ জুন ২০২৪

সভাপতি	এ কে এম মফিজুল ইসলাম পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৭ জুন ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ)-এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিব উপপরিচালক (দা. বি. ও ঋণ)-কে আহ্বান জানান। সদস্য-সচিব সভায় জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ অর্থবছরের নিম্নবর্ণিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৬টি কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়সীমার মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তিনি আরো বলেন, কর্মপরিকল্পনার ৪.১.১ কর্মসম্পাদন সূচকে বর্ণিত ই-ফাইলে নিম্নলিখিত জুন ২০২৪ মাসের প্রতিবেদন এবং ৫.১.১ কর্মসম্পাদন সূচকে বর্ণিত তথ্য বাতায়ন হালনাগাদকরণের ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন ০১ জুলাই ২০২৪ তারিখে আইসিটি শাখা থেকে পাওয়া যাবে এবং তৎভিত্তিতে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সভায় ২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত ০৮টি কার্যক্রম সভায় উপস্থাপন করা হয় এবং যথাসময়ে বাস্তবায়নে সকলে সহযোগিতায় কামনা করা হয়-

১.১.১- ০৯/০৩/২০২৫ তারিখের মধ্যে সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে।

২.১.১ নিজ অফিসসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ বিভাগসমূহে ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চালু রাখতে হবে। বছরে ৪বার ডাটাবেজ হালনাগাদ করতে হবে।

৩.১.১ আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী(শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন ১৫/০৪/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৪.১.১ ৩১/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ই-ফাইলে নিম্নলিখিত নথির তালিকা প্রস্তুত করতে হবে।

৪.১.১ ই-ফাইলে নোট নিম্নলিখিত ১০০% উন্নীত করা।

৫.১.১ ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।

৫.১.২ আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ।

৬.১.১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তরের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করতে হবে। বাৎসরিক লক্ষ্যমাত্রা- ৪ টি।

৭.১.১ ০১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিজ অফিস ও আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে।

৮.১.১ মাইগড প্র্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজন করতে হবে। বার্ষিক লক্ষ্যমাত্রা ২টি।

সভায় আরো জানানো হয় যে, যুব উন্নয়ন অধিদপ্তরের সর্বশেষ ইনোভেশন টিম ২৮ জুলাই ২০২২ খ্রি. তারিখে গঠিত হয়। কমিটির ৪ এবং ৫ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা প্রধান কার্যালয়ের বাহিরে বদলী হয়েছেন এবং ৯ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা চাকরি থেকে বরখাস্ত হয়েছেন। এমতাবস্থায় ইনোভেশন টিম পূর্ণগঠন করা প্রয়োজন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক. ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের বাস্তবায়িত কার্যক্রমের প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ জুলাই ২০২৪ মাসের প্রথম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

খ. ২০২৪-২০২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিটি শাখা থেকে উদ্ভাবন ধারণার শিরোনাম আগামী ০৭/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য সকল শাখাকে পত্র প্রদান করতে হবে।

গ. অধিদপ্তরের সকল শাখার কর্মকর্তার সমন্বয়ে ইনোভেশন টিম পূর্ণগঠনের জন্য মহাপরিচালক (গ্রেড-১) বরাবর প্রস্তাব উপস্থাপন করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



০৩-০৭-২০২৪

এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী) ও
ইনোভেশন অফিসার

০২২২৩৩৮৫৩১৩

dirpa@dyd.gov.bd

১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০১০.২৩.১১২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
- ৩। ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
- ৪। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর এবং
- ৫। স্টাট লিপিকার, মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর।



০৩-০৭-২০২৪

মোঃ শাহীনূর রহমান
উপপরিচালক